বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd



স্মারক নং : ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২

তারিখঃ ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরে ইউজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণাকর্মে সহায়তা প্রদানের জন্য দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে **অনলাইনে নির্ধারিত ফরমে** গবেষণা প্রকল্প প্রস্তাব আহবান করা যাচ্ছে।

গবেষণা প্রকল্পের ধরন	প্রকল্পের সর্বোচ্চ অনুদান	
	বিজ্ঞান ও প্রযুক্তি শাখা	কলা, সামাজিক বিজ্ঞান ও বিজনেস শাখা
প্রমোশনাল গবেষণা প্রকল্প	সর্বোচ্চ ৭.০০ লক্ষ টাকা	সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা
একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা প্রকল্প	সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা	সর্বোচ্চ ৮.০০ লক্ষ টাকা

আবেদনকারীর যোগ্যতা:

প্রমোশনাল গবেষণা: পূর্বকালীন প্রভাষক/সহকারী অধ্যাপক হতে হবে এবং স্বীকৃত ইনডেক্সড জার্নালে ন্যূনতম ২ (দুই)টি প্রবন্ধ থাকতে হবে।

একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা: পূর্বকালীন সহযোগী অধ্যাপক/অধ্যাপক হতে হবে এবং স্বীকৃত ইনডেক্সড জার্নালে ন্যূনতম ৫ (পাঁচ)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে কমপক্ষে ২ (দুই)টিতে Corresponding/Last Author হতে হবে।

আবেদনের গুরুত্বপূর্ণ শর্তাবলি :

- একজন প্রধান গবেষক একই অর্থবছরে একাধিক ক্যাটাগরিতে প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবেন না;
- ইউজিসির অর্থায়নে চলমান গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দাখিল না করা পর্যন্ত নতুন প্রকল্পে আবেদন করতে পারবেন না;
- আবেদন অবশ্যই বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে;
- গবেষণা প্রকল্পের অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে কমিশন কর্তৃক প্রণীত এ সংক্রান্ত নীতিমালার সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
- গবেষণা প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর।

আবেদনের পদ্ধতি:

(ক) প্রকল্প প্রস্তাব অবশ্যই অনলাইনে দাখিল করতে হবে। অনলাইনে দাখিল ব্যতীত কোনো প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না;

(খ) অনলাইনে সরাসরি https://ugc-research-management.bdren.net.bd লিংক থেকে প্রকল্প প্রস্তাব দাখিল করা যাবে;

(গ) উপরোক্ত লিংক এবং প্রকল্প প্রস্তাব দাখিল-সংক্রান্ত নীতিমালার শর্তাবলি ও প্রয়োজনীয় তথ্যাদি ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এ "গবেষণা প্রকল্প/ গবেষণা সহায়তা মঞ্জুরী (গবেষণা প্রকল্প)" ও "অনলাইনে আবেদন (গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল)" বিষয়ক দুটি সেবা বক্সে পাওয়া যাবে;

(ঘ) যথাযথভাবে অনলাইনে দাখিলকৃত প্রকল্প প্রস্তাবের ২ (দুই) সেট প্রিন্ট কপি (হার্ড কপি)-যার মধ্যে গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যতীত ১ (এক) সেট এবং গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম, ঠিকানা ও যথামথ প্রত্যয়ন/সুপারিশসহ পূর্ণাঙ্গ ১ (এক) সেট (দুটি প্রিন্ট অপশন অনলাইনে বিদ্যমান) রেজিস্ট্রারের মাধ্যমে **পরিচালক, রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর আগামী ২২-১১-২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;

(ঙ) অসম্পূর্ণ কিংবা অপূর্ণাঙ্গ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

মোঃ ওমর ফারুখ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন
ফোন- ০২-৫৮১৬০২০৮
ই- মেইল: director_research@ugc.gov.bd